

অমিত্রাক্ষর ছন্দ এবং বাঙলায় চতুর্দশপদী কবিতা বা সনেট এর মুকুটহীন
সম্রাট কবি মাইকেল মধুসূদন দত্তের
১৮১৩তম জন্মদিন উপলক্ষে আমার শ্রদ্ধাঞ্জলি

দেওয়ান আবদুল বাসেত

মধু কবি,
তুমিই দেখেছিলে কপোতাক্ষ নদের বুকে
মা-মাটি ও মানুষের ছবি।
জানি না তোমার মতো অতটুকু দরদ দিয়ে
আর কোন কবি লিখেছে কিনা
কোন নদীকে নিয়ে এমন অনবদ্বন্দ্ব
চতুর্দশপদী কবিতা বা সনেট।

যদিও তোমায় মোহাচ্ছন্ন করেছিলো ইংরেজী সাহিত্য
'ক্যাপটিভ লেডি' লিখে ইংরেজ কবি হবার 'হবি'।
উচ্চাকাঙ্ক্ষার স্বপ্নঘরগুলো যখন
২৬ডিসেম্বর ২০০৪এর সুনামির মতো
মহাধ্বংসযজ্ঞের শিকার হলো!! ঠিক তখনই
ফ্রান্সের ভার্সাই নগরীতে বসে
জেগে উঠে একজন প্রবাসী কবির মনে
মা-মাটি-মানুষের ছবি,
কপোতাক্ষ নদের কল্লোল ধ্বনি।

হে কবি,
কটুর ধর্মান্ধতা তোমাকে কখনও
দিতে পারেনি পায়ে বেড়ি
তুমি ছিলে না মুসলমান, হিন্দু
বৌদ্ধ কিংবা খ্রিস্টান
তুমি ছিলে কবি
মানুষের কবি
মাটির কবি
মুক্তচিন্তার কবি
দেশ মাতৃকার কবি।
তোমার সৃষ্টিতে পেয়েছি
প্রকৃতির নির্মল এক নির্ভেজাল ছবি।

যদিও তোমার জন্ম হয়েছিলো সাগারদাঁড়ির বুকে
বহমান ক্ষীগস্রোতা কপোতাক্ষ নদের তীরে
তবুও তোমার মহাপ্রয়ানের পর তোমার সমাধিস্থ হয়েছে
অন্য একটি দেশে। ভিন্ন দিগন্তে, ভিন্ন সংস্কৃতিতে
যেখানে তোমার সমাধি স্থানটি অত্যন্ত অবহেলায়
অনাদরে শ্যাওলারা জড়িয়ে রেখেছে।

হে চির তারুণ্যের কবি
তোমার হাতেই রচিত হয়েছে বাংলা সাহিত্যের
'মেঘনাদবধ' প্রথম এবং সার্থক মহাকাব্য
তোমার সে অমর কীর্তিই বানিয়েছে তোমায়
বাংলা সাহিত্যের প্রবাদ পুরুষ।

'বুড়ো শালিকের ঘাড়ে রৌ' 'একেই কি বলে সভ্যতা'
চরম ব্যাঙ্গ-বিদ্রুপে ভরা তোমার সৃষ্টি
এই পেছনমুখো পঁচনশীল সমাজের জন্যে
প্রহসন এবং এক চরম চপেটাঘাত।

তোমার অমিত্রাক্ষর ছন্দ এবং সনেট আজও অপ্রতিদ্বন্দ্বী।
আমরা মুখে তোমার সৃষ্টিসম্ভারগুলোর নাম
উচ্চারণ করি গর্ব ভরা কণ্ঠে
ব্যাস এ পর্যন্তই।

যদিও তোমার কবর গায়ে লেখা-
'দাঁড়াও হে পথিক বর'.....
না। সারাটি বছর আমরা কেউ দাঁড়াইনি তোমার স্মরণে
শুধু তোমার জন্ম এবং মৃত্যু দিবসে আমরা কেউ কেউ স্মরণ করি
'জাম্বু ফরম্যালিটি' বজায় রেখেই
আমাদের দায়িত্ব শেষ করি!
যেমন করি আমাদের জাতীয় বিশেষ দিনগুলোতেও।
স্বার্থান্ধ এ পংকিল সময়ের কাছে
আমরা বড়ো বেশী বন্দী!

হায়! মধু কবি
নিশ্চয়ই তোমার বিদেহী আত্মা আমাদের এই
'বিহেইবিয়র'এর জন্যে সীমাহীন কষ্ট পাচ্ছে।
কষ্ট পাচ্ছে
কষ্ট পাচ্ছে।।

আমিও কষ্ট পাচ্ছি হে কবি
স্বরবৃন্তের ছন্দ নিয়ে উত্পুতু করলেও
কবিতা লিখতে জানি না
তবুও আজ আমার কিছু এলোমেলো শব্দ দিয়ে
তোমাকে শ্রদ্ধাঞ্জলি জানাতে পারছি, স্মরণ করতে পারছি
এটুকুই আমার আত্মার সান্ত্বনা।

*কবির জন্ম : ১৮২৪ খ্রিস্টাব্দের ২৫শে জানুয়ারী।
মৃত্যু: ১৮৭৩খ্রিস্টাব্দের ২৯শে জুন।

রচনাকাল:
রিয়াদ
২৫শে জানুয়ারী ২০০৫ইং

[E-mail: marupalash@yahoo.com](mailto:marupalash@yahoo.com)
[web: www.marupalash.com](http://www.marupalash.com)